

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং : ৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৩.১৭- ৮১৫

তারিখঃ ২৬.১০.২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ কামাল খামার ফাযিল মাদরাসার সভাপতি (মহামান্য আদালত কর্তৃক স্টে-অর্ডার প্রাপ্ত) জনাব মো: ওমর ফারুক এর মাধ্যমে অত্র মাদরাসার উপাধ্যক্ষ (শূণ্য) পদের নিয়োগ কার্য সম্পন্ন করার বিষয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক মতামত পাওয়া প্রসঙ্গে।

সূত্র (১) কামাল খামার ফাযিল মাদরাসার স্মারক নং-কা,খা,মা,উলি ৪০/১৬

তারিখঃ ২৪.১১.২০১৬ খ্রিঃ।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪(মাদরাসা-২)এর স্মারক নং-শিম/শাখা-২৪/বিবিধ-০-৮/২০০৮(অংশ/২৭৪)

তারিখঃ ০৯.০৯.২০১৫ খ্রিঃ।

(৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.২৫.০০০০.০০৩.০২.০০৩. ১৬-১৫২২

তারিখঃ ২৩.১০.২০১৭ খ্রিঃ।

(৪) সভাপতি,গভর্নিং বডি কামাল খামার ফাযিল মাদরাসা এর আবেদন

তারিখঃ ১৮.১২.২০১৬ খ্রিঃ।

(৫) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-ইআবি/পরি/শি-নিয়োগ/২০১৬/ ৪৯০৬

তারিখঃ ০৯.১০.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত (১) নং স্মারকে উল্লিখিত মাদরাসার অধ্যক্ষ, এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত (২) নং স্মারকের মাধ্যমে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে বর্ণিত মাদরাসায় উপাধ্যক্ষ পদে নিয়োগের লক্ষ্যে নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা-এর প্রতিনিধি হিসেবে সূত্রোক্ত ৩ নং স্মারক মূলে জনাব মো: আফাজ উদ্দীন সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা),-কে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হয়।

২. পরবর্তীতে সূত্রোক্ত ৪ নং স্মারক মূলে সভাপতি (সার্জেন্ট অব: আলহাজ্ব মো: আব্দুল খালেক),গভর্নিং বডি, কামাল খামার ফাযিল মাদরাসা কর্তৃক একটি অভিযোগ পত্র মাদরাসা শিক্ষা অধিদপ্তরে দাখিল করা হয়।

৩. সভাপতি (সার্জেন্ট অব: আলহাজ্ব মো: আব্দুল খালেক),গভর্নিং বডি, কামাল খামার ফাযিল মাদরাসা কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে, মহোদয় কর্তৃক পর্যালোচনায় জনাব মো: মতিয়ার রহমান, জনাব মো: ওমর ফারুক ও জনাব মো: আব্দুল খালেক-কে বর্ণিত মাদরাসার সভাপতি হিসেবে মনোনয়ন দেয়া হয় (কপি সংযুক্ত)। এক পর্যায়ে সভাপতি জনাব মো: মতিয়ার রহমান কর্তৃক মহামান্য আদালতে (হাইকোর্টে) ০৬.০৪.২০১৫ তারিখে একটি রিট পিটিশন দাখিল করা হয় যার নং-২৯৬৩/১৫ যা আদ্যাবধি চলমান আছে, কোন নিষ্পত্তি হয়নি।

৪.কিন্তু হাইকোর্ট উক্ত রিট পিটিশনের নিষ্পত্তি না করে সভাপতি জনাব মো: ওমর ফারুক এর পক্ষে পরবর্তীতে ০৬.০৪.২০১৫ তারিখে স্টে অর্ডার করেন। পরবর্তীতে মহামান্য হাইকোর্ট কর্তৃক ০৭.১১.২০১৭ তারিখ পর্যন্ত উক্ত স্টে অর্ডারের মেয়াদ বৃদ্ধি করা হয়।

৫. ইতোমধ্যে মহোদয় (ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়) কর্তৃক সূত্রোক্ত ৫ নং স্মারক মূলে বর্ণিত মাদরাসার উপাধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত প্রতিনিধি প্রদান করা হয়েছে। অথচ রিট পিটিশন মামলাটি এখন পর্যন্ত অনিষ্পত্তি অবস্থায় রয়ে গেছে।

৬. উপরিউক্ত অবস্থার প্রেক্ষিতে বর্ণিত মাদরাসার উপাধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত সভাপতি (মহামান্য আদালত কর্তৃক স্টে-অর্ডার প্রাপ্ত) জনাব মো: ওমর ফারুক এর মাধ্যমে অত্র মাদরাসার উপাধ্যক্ষ (শূণ্য) পদের নিয়োগ কার্য সম্পন্ন করার বিষয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মতামত আবশ্যিক।

৮. এমতাবস্থায় কামাল খামার ফাযিল মাদরাসার সভাপতি (মহামান্য আদালত কর্তৃক স্টে-অর্ডার প্রাপ্ত) জনাব মো: ওমর ফারুক এর মাধ্যমে অত্র মাদরাসার উপাধ্যক্ষ (শূণ্য) পদের নিয়োগ কার্য সম্পন্ন করার বিষয়ে মতামত প্রদান করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

Amir
26.10.17

মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-dgdmeb@gmail.com

রেজিস্ট্রার,ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়,ধানমন্ডি,ঢাকা।

অনুলিপি:

১.সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

২.রেজিস্ট্রার,ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়,ধানমন্ডি,ঢাকা।

৩. অধ্যক্ষ, কামাল খামার ফাযিল মাদরাসা, ডাক-চন্ডিজন, উপজেলা-উলিপুর,কুড়িগ্রাম।

৪.সভাপতি, কামাল খামার ফাযিল মাদরাসা।

৫. অফিস কপি।